দৈনিক ইত্তেফাক ২৬।

তারিখ 01 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ৬ই এপ্রিল ঢাকা ভার্সিটি খুলিবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ৬ই এপ্রিল হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাশ শুরু হইবে। যাতায়াত ব্যবস্থার অসুবিধা ও অন্যান্য কারণে বর্তমান ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীর সংখ্যা কম হওয়ায় গতকাল (রবিবার) দুপুরে ভিসির সভাপতিত্বে সকল অনুষদের ডীন, হল প্রভোষ্ট ও প্রক্টর-সহপ্রক্টরদের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য আবেদনপত্রের প্রাথমিক ফরম ৮ই এপ্রিল পর্যন্ত বিতরণ ও জমা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উহা ছাড়া সভায় বলা হয়, বিভিন্ন আবাসিক হলে বহিরাগত ও অস্ত্রধারীদের কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হইবে। বহিরাগতরা অবিলম্বে হল ত্যাগ না করিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

সভায় দেশের এই ক্রান্তিলগ্নে সংশ্লিষ্ট সকলকে শান্তি ও শৃংখলা রক্ষার অনুরোধ জানান হয়।